

০২.	গণসচেতনতামূলক কার্যক্রম:	<p>“২০২২-২০২৩” অর্থ বছরের অনুযায়ী সকল সূচক শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। এছাড়া মাদকবিরোধী গণসচেতনতামূলক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সভাপতি সকলের দৃষ্টি আকর্ষণ করেন। মাদকবিরোধী গণসচেতনতামূলক কার্যক্রম জোরদার করতে হবে। প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক কোন তারিখে ও সময়ে, কাদের উপস্থিতিতে কোথায় অনুষ্ঠান সম্পাদন করা হয়েছে তার তথ্য ও ছবি ইত্যাদি প্রতিবেদনের সাথে প্রেরণ করতে হবে এবং প্রেরিত ছবিতে ক্যাপশন থাকতে হবে। সেই সাথে নিজ কার্যালয়ে সংরক্ষণ পূর্বক প্রতি মাসের ০১ তারিখের মধ্যে বিভাগীয় কার্যালয়, রাজশাহী বরাবর প্রেরণ করতে হবে।</p>	<p>ক) “২০২২-২০২৩” অর্থ বছরের অনুযায়ী সকল সূচক শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।</p> <p>খ) মাদকবিরোধী গণসচেতনতামূলক কার্যক্রম জোরদার করতে হবে।</p> <p>গ) মাদকবিরোধী গণসচেতনতামূলক কার্যক্রম এর ছবি নিয়মিত ভাবে বিভাগীয় কার্যালয়, রাজশাহী বরাবর প্রেরণ করতে হবে। এবং DAMS AMS এ্যাপে আপলোড দিতে হবে।</p>	সহকারী পরিচালক/পরিদর্শকসহ সংশ্লিষ্ট সকল
০৩.	মাদকাসক্ত নিরাময়/পুনর্বাসন কেন্দ্র:	<p>সভাপতি মহোদয় বলেন, অত্র জেলার লাইসেন্সিং নিরাময় কেন্দ্রগুলো যাতে রোগীদের সুষ্ঠু চিকিৎসা সেবা নিশ্চিত এবং নিরাময় কেন্দ্রের সার্বিক পরিবেশ উন্নয়নের জন্য সে বিষয়ে নিরাময়ী প্রয়োজন। লাইসেন্স বিহীন কোন মাদকাসক্তি নিরাময় কেন্দ্র অবৈধভাবে কার্যক্রম পরিচালনা করে থাকলে সেগুলো অবিলম্বে লাইসেন্সের আওতায় আনার কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। অন্যথায় প্রতিষ্ঠানগুলো বক্সের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	<p>ক) মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের সার্বিক পরিবেশ উন্নয়ন ও রোগীদের চিকিৎসা সেবার মান বৃদ্ধির প্রতি নজর দিতে হবে।</p> <p>খ) লাইসেন্সবিহীন অথবা হালনাগাদ নবায়নব্যতীত অবৈধ ভাবে কোন বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র পরিচালিত হলে তা সনাক্ত করে লাইসেন্সের আওতায় আনতে হবে। অন্যথায় বন্ধ করে দিতে হবে।</p> <p>গ) প্রধান কার্যালয়ের প্রমাণ অনুযায়ী নিয়মিত ভাবে বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং পরিদর্শন প্রতিবেদন অতিরিক্ত পরিচালক মহোদয় বরাবর এবং অনুলিপি পরিচালক (চিকিৎসা ও পুনবাসন) প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।</p>	সহকারী পরিচালক/পরিদর্শক সকল
০৪.	রাজস্ব আদায় ও লক্ষ্যমাত্রা অর্জন:	রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ও উদ্যোগী হতে হবে।	বিধি মোতাবেক রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। এ অর্থ বছরের রাজস্ব আহরণ লক্ষ্যমাত্রা ৪০,১৬৬৭৯/- টাকা।	সহকারী পরিচালক/পরিদর্শক/হস্তাবক্ষ
০৫.	ইউনিফর্ম পরিধান:	সভাপতি বলেন, সরকারী দায়িত্ব পালনকালে অত্র কার্যালয়ের সকল কর্মকর্তা-কর্মচারীদের ইউনিফর্ম পরিধান করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করেন।	সরকারি দায়িত্ব পালনকালে কর্মকর্তা-কর্মচারীদের ইউনিফর্ম পরিধান করার জন্য বিশেষ ভাবে বলেন। প্রধান কার্যালয়ের নির্দেশনা মতে প্রতিদিন সকলে ৯:০০ হতে ৯:৩০ পর্যন্ত প্যারেড করতে হবে।	পরিচালক প্রশাসন ও অর্থ/অতিরিক্ত পরিচালক/ সহকারি পরিচালক/পরিদর্শকসহ সংশ্লিষ্ট সকল
০৬.	বিচারাধীন মামলা হালনাগাদকরণ:	অত্র জেলার বিচারাধীন সকল মামলার তথ্যাদি আগামী এক মাসের মধ্যে ফরোয়ার্ড রেজিস্টার হালনাগাদ করবেন।বিচারাধীন মামলা নিষ্পত্তির রেকর্ড হালনাগাদ করা প্রয়োজন। প্রসিকিউটর নিষ্পত্তিকৃত মামলার তথ্য সংগ্রহপূর্বক রেজিস্টারে এন্ট্রি দিতে হবে এবং প্রতি মাসে নিয়মিত ভাবে বিভাগীয় কার্যালয়, রাজশাহী মহোদয় বরাবর তথ্য প্রেরণ করার জন্য বিশেষ ভাবে বলা হলো। এন্ট্রি দিতে হবে এবং প্রতি মাসে নিয়মিত ভাবে বিভাগীয় কার্যালয়, রাজশাহী মহোদয় বরাবর তথ্য প্রেরণ নিশ্চিত করতে হবে।	<p>ক) অত্র জেলা কার্যালয়ের বিচারাধীন মামলা নিষ্পত্তির রেকর্ড হালনাগাদ রাখতে হবে এবং প্রতি মাসে নিয়মিত ভাবে বিভাগীয় কার্যালয়, রাজশাহী মহোদয় বরাবর তথ্য প্রেরণ করার জন্য বিশেষ ভাবে বলা হলো।</p> <p>খ) বিচারাধীন মামলাগুলোর তদারকি বাড়াতে হবে, সামৰ্থ্য হাজির করতে হবে আর হাজির না হলে তাকে, তার অফিস প্রধানকে এবং অতিরিক্ত পরিচালক মহোদয় কে লিখিত ভাবে জানাতে হবে। অধিকন্তু কোন কারণে বিজ্ঞ আদালতে সাক্ষীদারের সাক্ষ্য প্রদানে অসুবিধা বা সাক্ষী ফেরত গেলে তা চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মহোদয়কে বিনয়ের সহিত জানাবেন। সেই সাথে মাদক মামলা দ্রুত নিষ্পত্তি ত্বরণিত করতে হবে।</p>	প্রসিকিউটর/পরিদর্শক/ উপপরিদর্শকসহ সংশ্লিষ্ট সকল
০৭.	বিজ্ঞ আদালতে সাক্ষ্য প্রদান:	সভাপতি মহোদয় বলেন, সাক্ষ্য প্রদানের বিষয়ে গুরুত্ব দিতে হবে। নির্ধারিত তারিখে বিজ্ঞ আদালতে সাক্ষীদের সাক্ষ্য প্রদানের কোর্ট সার্টিফিকেট অফিসে দাখিল নিশ্চিত করবেন।	সাক্ষ্য প্রদান নিশ্চিত পূর্বক প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে অতিরিক্ত পরিচালক মহোদয় বরাবর প্রেরণ করতে হবে।	প্রসিকিউটর/পরিদর্শক/উপপরিদর্শকসহ সংশ্লিষ্ট সকল